56

দৈনিক বাংলা

তারিখ ... 02 JUN 1994 ...
পৃষ্ঠা ১২ কলাম ৭ ...

# চলতি সাল থেকে স্কুল পর্যায়ে কৃষি কার্যক্রম

সিলেট ব্যুরো ঃ সরকার চলতি সাল থেকে দেশের মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে কৃষি শিক্ষা কার্যক্রম বাধ্যতামূলক করেছেন। দেশের সর্বত্র এ কার্যক্রম চালুর প্রস্তুতি আরম্ভ হয়েছে। সিলেট জেলায় মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা কার্যক্রমের প্রস্তুতি চলছে।

জেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের একজন বিজ্ঞান শিক্ষককে কৃষি শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। সিলেট জেলার সর্বত্র কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ১৭ মে এক সভা সিলেট শহরে অনুষ্ঠিত হয়। শিক্ষকদের প্রশিক্ষণ ও কর্মসূচী বাস্তবায়নে প্রতিটি থানার কৃষি কর্মকর্তা সমন্বয়কের দায়িত্বে থাকবেন বলে একটি সূত্রে জানা যায়।

সূত্র জানায়, প্রশিক্ষণার্থী শিক্ষকদের কৃষি, বন, মৎস, পশু ও হাঁসমুরগী পালন বিষয়ে দুদিনের প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা নিজ নিজ বিদ্যালয়ে এ কার্যক্রম পরিচালনা করবেন। এ ব্যাপারে সিলেটের প্রতি থানায় দুদিনের প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকদের তারিখ ও নির্ধারিত স্থানের নাম জানিয়ে দেয়া হয়েছে বলে সূত্রটি জানায়।

সূত্র মতে, ৪ জুন থেকে ১৪ জুন পর্যন্ত সিলেটের প্রতিটি থানার একটি নির্ধারিত উচ্চবিদ্যালয়ে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। বিদ্যালয়গুলো হচ্ছে, সিলেট সদর থানার সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, বিশ্বনাথের রামসুন্দর উচ্চ বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জের ফরিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, বালাগঞ্জের ডিএন উচ্চ বিদ্যালয়, কোম্পানীগঞ্জের পাড়ুয়া আনোয়ারা উচ্চ বিদ্যালয়, গোয়াইনঘাটের গোয়াইনঘাট উচ্চ বিদ্যালয়, কানাইঘাটের সরকারী উচ্চ বিদ্যালয়, বিয়ানীবাজারের পঞ্চখন্ড হরগোবিন্দ উচ্চ বিদ্যালয়, জৈন্তার জৈন্তাপুর সরকারী উচ্চ বিদ্যালয়, জকিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, ও গোলাপগঞ্জের ঢাকা দক্ষিণ উচ্চ বিদ্যালয়।